# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।
Website: www.bmeb.gov.bd , E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ রংপুর-৩০/৪০/৮ তারিখঃ ৮/০১/২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে। তাগিদপত্র

সূত্রঃ ১) নং- ০৫.৫৫.৮৫৪৯.৭৭৩.০৭.০১৩.১৬-৬৪২(৪); তারিখঃ ১০-০৮-২০১৬খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/ রংপুর-৩০/৩৪১৬/৩; তারিখঃ ০৪/০৯/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার সদর উপজেলাধীন কাটিহারা একরামিয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব আলহাজ্ব মোঃ আবুল কাশেম এর বিরুদ্ধে কোন প্রকার নোটিশ বা আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে সুপার পদ হতে বরখাস্তকরণ এবং নির্বাচনকালীন বিভিন্ন রাষ্ট্রবিরোধী কার্যক্রমের কারণে মামলা দায়ের হয়েছে মর্মে মাদরাসার সুপার উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর বরাবর অভিযোগ দাখিল করেন (কপি সংযুক্ত)।

২) দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সভাপতি কর্তৃক কোন প্রকার নোটিশ বা আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে সুপার পদ হতে বরখাস্তকরণ এবং ১০ম জাতীয় সংসদ নির্বাচনে ভোট কেন্দ্র ভাংচুর, ব্যালট পেপার ও গাড়ী পোড়ানোসহ একাধিক মামলার আসামি হয়েছেন মর্মে প্রমাণিত হয় (কপি সংযুক্ত)।

৩) পরবর্তীতে সভাপতি হিসাবে আলহাজ্ব মোঃ আবুল কাশেম এর এহেন কার্যকলাপ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ( ম্যানেজিং কমিটি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-১১ ও ৪১ এর পরিপন্থি হওয়ায় প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১০৬০/২/নথি নং-রংপুর-৩০; তারিখঃ ০৬/১১/২০১৪খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে তাঁর পদ কেন বাতিল করা হবে না মর্মে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে কারণ দর্শানো হয়।

৪) উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি আলহাজ্ব মোঃ আবুল কাশেম জবাব দাখিল করেছেন। জবাবে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ মিথ্যা দাবী করেছেন। এছাড়া সুপারের বিরুদ্ধে দুর্নীতি, অর্থ আত্মসাৎসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসমূহ ও মাদরাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক..............(......৫........) পাতা।

৪.১.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
সদর, রংপুর।

নং- বামাশিবো/প্রশা/ রংপুর-৩০/ তারিখঃ /০১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ
১. জেলা প্রশাসক, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. সুপার/ভারপ্রাপ্ত সুপার, কাটিহারা একরামিয়া দাখিল মাদরাসা, সদর, রংপুর।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, কাটিহারা একরামিয়া দাখিল মাদরাসা, সদর, রংপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রংপুর সদর, রংপুর।
*www.rangpursadar.gov.bd*

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.৭৭৩.০৭.০১৩.১৬-

তারিখ ঃ -০৪-১৪২৩ ব. / -০৮-২০১৬ খ্রি.

বিষয় ঃ কাটিহারা একরামিয়া বহুমূখী দাখিল মাদরাসার সভাপতি কর্তৃক সুপারকে সাময়িক বরখাস্ত করার বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্র ঃ (ক) সুপার, কাটিহারা একরামিয়া বহুমূখী দাখিল মাদরাসার ১৫-০৫-২০১৬ তারিখের আবেদন।
(খ) এ কার্যালয়ের স্মারক নং-০৫.৫৫.৮৫০০.৭৭৩.০৮.০০৪.১৬-৪৫৪, তারিখ ঃ ২৬-০৫-২০১৬ খ্রি.
(গ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,রংপুরের স্মারক নং-উমাশিঅ/সদর/রং/২০১৬/৪১৭,তারিখঃ ২৫-০৭-২০১৬

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কাটিহারা একরামিয়া বহুমুখী দাখিল মাদরাসার সুপারকে সভাপতি কর্তৃক সাময়িক বরখাস্ত করার বিরুদ্ধে একখানা অভিযোগ পাওয়া যায়। প্রাপ্ত অভিযোগের বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য 'ক' সূত্রে বর্ণিত স্মারকে অনুরোধ করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর কর্তৃক তার দপ্তরের একাডেমিক সুপারভাইজার এর মাধ্যমে উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন ( স্মারক নং-'খ' কপি সংযুক্ত)।

০২। বর্ণিত অভিযোগের বিষয়ে প্রাপ্ত তদন্ত প্রতিবেদন ও সংযুক্ত কাগজপত্র পর্যালোচনান্তে সিদ্ধান্ত গ্রহন এবং উভপক্ষের মধ্যে আপোষ মিমাংসার লক্ষ্যে ০৭-০৮-২০১৬ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিসকক্ষে উভয়পক্ষের শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে উভয় পক্ষের বক্তব্য শ্রবণ করা হয়। কাটিহারা একরামিয়া বহুমুখী দাখিল মাদরাসার সভাপতি কর্তৃক সুপারকে সাময়িক বরখাস্তের বিষয়টি নিস্পত্তির করার লক্ষ্যে তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনের মতামতের ভিত্তিতে বিধি বর্হিভূতভাবে সাময়িক বরখাস্ত আদেশ প্রদান করায় তা প্রত্যাহারের জন্য সভাপতিকে অনুরোধ করা হয়। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক শুনানীকালে উভয়পক্ষ বিষয়টি আপোষ মিমাংসা করে সুপারকে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে অভিযোগের বিষয়ে নিস্পত্তির অনুরোধ করা হলে সভাপতি তাতে দ্বিমত পোষন করেন।

০৩। তদন্ত কর্মকর্তা কর্তৃক যথাযথ প্রক্রিয়ায় সঠিকভাবে তদন্ত কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদন সার্বিক পর্যালোচনায় দেখা যায়, অভিযোগকারীর অভিযোগের মধ্যে সভাপতির বিরুদ্ধে ১০ম জাতীয় সংসদ নির্বাচনে ভোট কেন্দ্র ভাঙ্চুর, ব্যালট পেপার ও গাড়ী পোড়ানোসহ একাধিক মামলার রয়েছে মর্মে সভাপতির বিরুদ্ধে বর্ণিত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে।

০৪। এমতাবস্থায়, বর্ণিত মাদ্রাসার সুপার জনাব আ.ফ.ম. ঈসমাইল হোসেনকে সাময়িক বরখাস্তের পূর্বে কোন প্রকার আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে বিধি বর্হিভূতভাবে সাময়িক বরখাস্ত করা সঠিক হয়নি মর্মে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতীয়মান হওয়ার তদন্ত প্রতিবেদনের সাথে নিম্নস্বাক্ষরকারী একমত পোষণ করে সভাপতি কর্তৃক কাটিহারা একরামিয়া বহুমুখী দাখিল মাদ্রাসার সুপারকে বিধিবর্হিভূতভাবে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারের লক্ষ্যে মূল তদন্ত প্রতিবেদন ও তৎসংশ্লিস্ট অন্যান্য কাগজপত্র মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী সিদ্ধান্ত প্রদানের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ বর্ণনামতে :........................ পাতা।

১০/৮/১৬
(জিয়াউর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন : ০৫২১-৬২১১৬
unorangpur@mopa.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
২ নং আরফানেজ রোড, বকশিবাজার,
ঢাকা-১২১১।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ
০১. জেলা প্রশাসক, রংপুর।
০২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর।
০৪. সুপার, কাটিহারা একরামিয়া বহুমূখী দাখিল মাদ্রাসা, মমিনপুর, রংপুর সদর,রংপুর।

D:\A.O Mamun\Other's letter.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
রংপুর সদর, রংপুর।

স্মারক নং- উমাশিঅ/সদর/রং/২০১৬/ ৪৭৩ তারিখ- ২৫/০৭/২০১৬ খ্রিঃ।

বিষয় ঃ **তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যূক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ ঈসমাইল হোসেন, সপার (সাময়িক বরখাস্ত), কাটিহারা একরামিয়া দাখিল মাদ্রাসা, রংপুর সদর, রংপুর কর্তৃক উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর মহোদয়ের কার্যালয়ে সভাপতি, কাটিহারা একরামিয়া দাখিল মাদ্রাসা, রংপুর সদর, রংপুর এর বিরূদ্ধে তাঁকে নিয়ম বহির্ভুত ভাবে বরখাস্ত, প্রতিষ্ঠানের আয়-ব্যয় সহ সব ক্ষেত্রে অনিয়ম ও স্বেচ্ছাচারিতা, ১০ম জাতীয় সংসদ নির্বাচনে কেন্দ্র ভাংচুর ব্যালট ও সরকারী গাড়ী পোড়ানোর বিষয়ে অভিযোগ দাখিল করতঃ সাময়িক বরখাস্ত প্রত্যাহার ও ম্যানেজিং কমিটির বিরূদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের জন্য আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী তদন্তকারী কর্মকর্তা হিসেবে গত ২৮/০৬/২০১৬ খ্রি. মাদ্রাসায় উপস্থিত হয়ে সরেজমিনে তদন্ত করেন। উক্ত তদন্ত প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

২৫/০৭/২০১৬
(মোঃ আফতাবুর রহমান)
উপজেলা একাডেমীক সুপারভাইজার
রংপুর সদর , রংপুর।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,
রংপুর।

সংযুক্তিঃ ১। তদন্ত প্রতিবেদন ৩(তিন) পাতা।
২। অন্যান্য কাগজ পত্র ৫৫ পাতা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
রংপুর সদর, রংপুর।

স্মারক নং- উমাশিঅ/সদর/রং/২০১৬/ ৪১৭ তারিখঃ ২৫/০৭/২০১৬ খ্রিঃ।

বিষয় ঃ কাটিহারা একরামিয়া বহুমূখী দাখিল মাদরাসার সুপারকে সাময়িক বরখাস্ত বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

সূত্র ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রংপুর সদর, রংপুর এর স্মারক নং-০৫.৫৫.৮৫০০.৭৭৩.০৮.০০৪.১৬-৪৫৪ তারিখঃ ২০/০৩/২০১৬ খ্রি.

উপর্যূক্ত আলোকে জানানো যাচ্ছে যে, কাটিহারা একরামিয়া বহুমূখী দাখিল মাদরাসার সুপার জনাব আ ক ম ঈসমাইল হোসেন কে কোন প্রকার নোটিশ ছাড়াই সাময়িক বরখাস্তের বিষয়ে নিম্নস্বাক্ষরকারীকে দায়িত্ব প্রদান হয়। নিম্নস্বাক্ষরকারী অত্র কার্যালয়ের উপজেলা একাডেমিক সুপারভাইজার জনাব মোঃ আফতাবুর রহমান কে তদন্তের দায়িত্ব প্রদান করা হলে তিনি তদন্ত পূর্ব প্রতিবেদন দাখিল করেছেন(কপি সংযুক্ত)। উক্ত প্রতিবেদনের সহিত একমত পোষন করে তদন্ত প্রতিবেদনটি মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

২৫/০৭/১৬
(সেলিনা বেগম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
রংপুর সদর, রংপুর।

উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।

সংযুক্তিঃ

১. তদন্ত প্রতিবেদন ৩ পাতা
২. অত্র কার্যালয়ের অভিযোগ তদন্ত করণ সংক্রান্ত পত্র ১ পাতা।
৩. নোটিশ ১ পাতা।
৪. তদন্ত কালে উপস্থিতির স্বাক্ষর ১ পাতা।
৫. উপস্থিত ব্যক্তিবর্গের বক্তব্য ও অন্যান্য কাগজপত্র ৫৫ পাতা।

বরাবর,

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড,
বখশি বাজার, ঢাকা।

**বিষয়ঃ প্রতিষ্ঠাতা ও দাতা সদস্যের স্বাক্ষর জারিয়াতির মাধ্যমে বিধি বহির্ভুত ভাবে গঠিত পকেট কমিটি বাতিল ও ভূয়া কাগজ সৃষ্টি করে অবৈধ ভাবে নিয়োগকৃত সুপারের সরকারি অর্থ আত্মসাতের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন সহ তার বিল স্থগিত করণের জন্য আবেদন।**

তারিখঃ ২১/০৯/১৬ইং

মহাত্মন,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা নিম্নস্বাক্ষরকারীগণ কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন হাতিয়া ইউনিয়নে অবস্থিত হাতিয়া ইসলামিয়া দাখিল মাদ্‌রাসার প্রতিষ্ঠাতা ও দাতা সদস্য। অত্র মাদরাসার সুপার মোঃ বদর উদ্দিন আহম্মেদ সাহেব সুপার হওয়ার কুমানষে ভারপ্রাপ্ত সুপারের আজান্তে ভূয়া কাগজপত্র সৃষ্টি করে সুকৌশলে বিধি বর্হিভূত ভাবে অভিজ্ঞতা ছাড়াই সুপার হিসেবে নিয়োগ গ্রহন করে জালিয়াতির মাধ্যমে চাকুরীর অভিজ্ঞতা না হওয়ায় ০৪ (চার) বৎসরের মধ্যে উচ্চতর স্কেল লাভ করে সরকারি টাকা আত্মসাত করছে। সুপার সাহেবের দুর্ণীতি ও জালিয়াতির কর্মকান্ড ঢাকিয়া রাখা ও নিজ স্বার্থ হাসিলের জন্য দাতা ও প্রতিষ্ঠাতা সদস্যকে বাদ দিয়ে অতি গোপনে নিজ আত্মীয় ও পছন্দনীয় ব্যক্তিবর্গকে নিয়া বিভিন্ন মেয়াদে বারবার পছন্দের ব্যক্তি দ্বারা পকেট কমিটি গঠন করে সরকারি টাকা আত্মসাত করে আসছেন এবং বিধি বহির্ভূতভাবে নিয়োগ বাণিজ্য চালানো অবস্থায় উল্লেখিত বিষয় নিয়ে এক পর্যায়ে আমাদের সহিত মনোমালিন্যের সৃষ্টি হওয়ায় নিয়োগ ও কমিটি গঠনের ব্যাপারে আমাদের অবহিত না করিয়া স্বেচ্ছাচারিতর মাধ্যমে অবৈধ কর্মকান্ড করিয়া আসিতেছেন। তার উক্ত কর্মকান্ডের বিরুদ্ধে ইতিপূর্বে একাধিক বার আপনার দপ্তরে অভিযোগ করা হইয়াছিল। উল্লেখ্য যে মাদরাসায় কমিটি গঠন না হওয়ায় ভূয়া কমিটি দ্বারা ব্যংক হইতে বিল উত্তোলন করিয়া আসিতেছেন।

অতএব, মহোদয় সমীপে আকুল আবেদন অনুগ্রহ পূর্বক স্বাক্ষর জালিয়াতির মাধ্যমে গঠিত স্বজনপৃতির পকেট কমিটি বাতিল, ভূয়া ও সৃষ্ট কাগজ দ্বারা অবৈধ ভাবে নিয়োগ প্রাপ্ত সুপারের বিল স্থগিত রেখে তার বিরুদ্ধে সরকারী অর্থ আত্ম সাতের আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় আবেদন করিতেছি।

নিবেদক

স্বাক্ষর ঃ-----------------
১। মোহাম্মদ আজিজুর রহামন
প্রতিষ্ঠাতা সদস্য
মোবাঃ ০১৭১৩-৯০৮০৪০

২। স্বাক্ষরঃ-----------------
মোঃ এশার আলী
দাতা সদস্য
হাতিয়া ইসল্লামীয়া দাখির মাদ্‌রাসা
ডাকঘর- বাগুয়া, উপজেলাঃ উরিপুর,
জেলাঃ কুড়িগ্রাম।
মোবাইল নংঃ ০১৭২৬-৮২৬২৩৭

# কাটিহারা একরামিয়া বহুমূখী দাখিল মাদ্রাসা

ডাকঘর ঃ মমিনপুর , উপজেলা ঃ রংপুর সদর , জেলা ঃ রংপুর

কোড নং ঃ ১৪২৭৩ স্থাপিত ঃ ১৯৭৩ ইং EIIN ঃ 127460

সূত্র / স্মারক নং - তারিখঃ

বরাবর ,

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিষ্ট্রার,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ,ঢাকা।

**বিষয়ঃ-বামা শিবো/প্রশা/রংপুর-৩০/৩৪১৬/৮ তারিখ-০৪/০৯/১৬ নম্বর স্মারক সম্বলিত পত্রের উত্তর প্রসঙ্গে।**

মহাত্মন,

সবিনয় নিবেদন এই যে,আমি আলহাজ্ব মোঃ আবুল কাশেম ম্যানেজিং কমিটির সভাপতি-কাটিহারা একরামিয়া বহুমূখী দাখিল মাদ্রাসা-মমিনপুর,সদর রংপুর।অত্র প্রতিষ্ঠানটি আমার পিতা মৃত্যু: আলহাজ্ব রুহুল আমিন সাহেব কর্তৃক ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত।আমি বিগত ২০০০ইং হইতে ২০১২ইং পর্যন্ত সৌদী আরবে চাকুরীরত ছিলাম।গত ২০১২ইং সালের শেষে দেশে ফিরে আসি।তারপর গত ২০১২ইং সালের ডিসেম্বরে গঠিত ম্যানেজিং কমিটি আমাকে বিদ্যুৎ সাহী সদস্য হিসেবে co-opt সদস্য করেছিলো।আমার সততা ও যোগ্যতা বিবেচনা করে ডিসেম্বর/২০১৪ইং সালে গঠিত ম্যানেজিং কমিটি আমাকে সভাপতি পদে অধিষ্ঠিত করেন। উদ্দেশ্য হলো সুপার জনাব আ.ফ.ম ইসমাঈল হোসেন কর্তৃক যাহাতে প্রতিষ্ঠানে আগমন প্রস্থানে অনিয়ম,কমিটিকে অবজ্ঞা ও অর্থ আত্নসাৎ করতে না পারেন এবং প্রয়োজনে নৈমেত্তিক ছুটি গ্রহন করেন।কারণ সুপার সাহেব ১৯৮৭ সালে নিয়োগের পর থেকে আজ পর্যন্ত কোন নৈমেত্তিক ছুটি গ্রহন করেন নাই এবং সঠিক ভাবে কোন আয়-ব্যয়ের হিসাব কমিটি কর্তৃক অনুমোদন করেন নাই।তার নিকট হিসাব চাইলেই তিনি কমিটিকে আপত্তিকর ভাষায় গালি-গালাজ করেন এবং কমিটি ভেঙ্গে দেওয়ার হুমকি দেন।

এহেন পরিস্থিতিতে সুষ্ঠু সমাধান করনের লক্ষ্যে প্রষ্ঠিানের আয়-ব্যয় নিরিক্ষনের জন্য গত ১৩/০৫/১৫ইং তারিখ পাঁচ সদস্য বিশিষ্ট একটি আভ্যন্তরিন নিরিক্ষা কমিটি গঠিত হয়।উক্ত কমিটি ২৯/০১/১৬ইং তারিখ আট(৮) মাস পর্যন্ত সুপার সাহেবকে মৌখিক ও লিখিত ভাবে সময় দেয়ার পরও সঠিক আয়-ব্যয় হিসাব দিতে ব্যর্থ হন।এমনি ভাবে সুপার জনাব আ,ফ,ম ইসমাঈল হোসেন সম্পদের পাহাড় গড়েছেন।মর্মে নিরীক্ষা কমিটি ৩০/০১/২০১৬ইং সভাপতি বরাবর একটি প্রতিবেদন দাখিল করেন ফলে গত ৩১/০১/১৬ইং ও ০৮/০২/১৬ইং তারিখ কেন হিসাব দিতে ব্যর্থ কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছিল যাহাতে অফিস সহাকারী সহ শিক্ষক/শিক্ষিকাগণ স্বাক্ষর করেন। তখন তিনি মাদ্রাসায় উপস্থিতি খাতায় স্বাক্ষর করে কিছু সময় প্রতিষ্ঠানে অবস্থান করতেন।তিনি নোটিশের জবাব না দিয়ে এ কমিটিকেও অর্থের বিনিময়ে খেয়ে ফেলবেন এরকম দাম্ভিকতা প্রদর্শন করেছিলেন।

তাই গত ১১/০৩/১৬ইং তারিখে নোটিশ ইস্যু করে গত ১৩/০৩/১৬ইং তারিখ ম্যানেজিং কমিটির সভায় তাহাকে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে আপাততঃ সাময়িক ভাবে বরখাস্ত করা হয়।

গত ২০১২-২০১৪ইং সালের কমিটির সদস্য থাকা কালীন জনাব আলহাজ্ব আছিমুল্লাহ (দাতা) সভাপতির আমলে আয়-ব্যয় হিসাব সঠিকভাবে চাওয়া হয়েছিল।কারণ প্রতিষ্ঠানের ৭ একরের জমি পুর্ব থেকেই লীজ দেওয়া আছে এবং আরো কাঠাল বাগান ও পুকুর লীজ দেওয়া আছে। বর্গাচাষী ও লীজের টাকার হিসাব সুপার সাহেবের নিকট জোরালো ভাবে চাওয়ায় তিনি ২০১৩ সাল হইতে নিম্ন স্বাক্ষরকারীকে হয়রানী করে আসছেন। সুপার সাহেবের একজন জামাতা কোর্টে চাকুরী করেন। তার মাধ্যমে অর্থ ব্যয় করে সৌদি ফেরত নিরীহ এ ব্যক্তিটিকে ভোট পোড়ার মামলায় জড়িয়ে দেয়। সেই সংগে ২০১৫ ইং সালে আবারো অর্থ ব্যয় করে বাড়ি থেকে গ্রেপ্তার করিয়ে ৪ মাস হাযত খাটিয়ে নিষ্ঠুরতার পরিচয় দেখিয়েছেন। বর্তমানে আমি প্রত্যেকটি মামলায় জামিনে আছি। মামলার রায় না হওয়া পর্যন্ত কাউকে দোষী সাব্যস্ত করা যায় না।

অথচ সুপার জনাব আ.ফ.ম ঈসমাইল হোসাইন নিজেই রংপুর সদর,মমিনপুর ইউনিয়নের জামাত সভাপতি। তাই আমি মাদ্রাসা শিক্ষাবোর্ড,ঢাকা(ম্যানেজিং কমিটি)প্রবিধান মালা ২০০৯ এর ১১ কিংবা ৪১ এর কোন লংঘন করি নাই। আমার অত্র লিখিত জবাবের সংঙ্গে কমিটির সদস্যবৃন্দ একমত যাহারা অত্র জবাবে প্রতিস্বাক্ষর করিলেন।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা ...
আর এণ্ড আই ...
ডাইরী নাম্বার ৪৪
তাং ২/১০/১৬

অতএব, মহোদয় সমীপে আরজ যে, নতুন ম্যানেজিং কমিটির নির্বাচনের প্রক্রিয়া অব্যহত। আগামী ৩০/১১/২০১৬ইং তারিখ পর্যন্ত বর্তমান কমিটির মেয়াদ থাকবে যা আর মাত্র দুই(২) মাস । সুপার সাহেবের অন্যায়কে প্রশ্রয় না দিয়ে প্রতিষ্ঠানটিকে সকল দুর্নীতির আখড়া হইতে মুক্ত করতে মহোদয়ের ন্যায় ও নিরোপেক্ষ দৃষ্টি ও সহযোগীতা কামনা করছি।

প্রয়োজনীয় সকল নথি পত্র ও প্রমানাদী সংযুক্তি করা হলো।

কমিটির সদস্যদের প্রতিস্বাক্ষর: নিবেদক

১। মো: রাকিবুল ইসলাম ৬।
২। ৭।
৩। ৮।
৪। ৯। ০১/১০/১৬ইং
১০।

আলহাজ্ব মোঃ আবুল কাশেম
সভাপতি
কাটিহারা একরামিয়া বহুমূখী দাখিল মাদ্রাসা
মমিনপুর ,সদর, রংপুর।